# আশ-শূরা | Ash-Shura | ٱلشُّورىٰ

আয়াতঃ ৪২ : ৪৬

## আরবি মূল আয়াত:

وَ مَا كَانَ لَهُم مِّن اَولِيَآءَ يَنصُرُونَهُم مِّن دُونِ اللّٰهِ ؕ وَ مَن يُّضلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِن سَبِيلٍ ﴿۴۶﴾

## অনুবাদসমূহ:

আর আল্লাহ ছাড়া তাদেরকে সাহায্য করার জন্য তাদের কোন অভিভাবক থাকবে না। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার কোন পথ নেই। — আল-বায়ান

তাদের কোন অভিভাবক থাকবে না আল্লাহ্ ব্যতীত যারা তাদেরকে সাহায্য করতে পারে। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার (শাস্তি থেকে বাঁচার) কোন রাস্তা নেই। — তাইসিরুল

আল্লাহ ব্যতীত তাদেরকে সাহায্য করার জন্য তাদের কোন অভিভাবক থাকবেনা এবং আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার কোন গতি নেই। — মুজিবুর রহমান

And there will not be for them any allies to aid them other than Allah. And whoever Allah sends astray - for him there is no way. — Sahih International

৪৬. আর আল্লাহ্ ছাড়া তাদেরকে সাহায্য করার জন্য তাদের কোন অভিভাবক থাকবে না। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার কোন পথ নেই।

-

তাফসীরে জাকারিয়া

(৪৬) আল্লাহর শাস্তির বিরুদ্ধে ওদের সাহায্য করার জন্য ওদের কোন অভিভাবক থাকবে না এবং আল্লাহ কাকেও পথভ্রষ্ট করলে তার কোন গতি নেই।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4318

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন